তারিখ ২9 SEP 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৫

সমকাল

# মেডিকেলের প্রশ্ন ফাঁসের গুজব ছড়ালে ব্যবস্থা

—স্বাস্থ্যমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

সামাজিক যোগাযোগ মাধ্যমে আসন্ন মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে তথ্যপ্রযুক্তি আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। একইসঙ্গে মেডিকেল কোচিং সেন্টার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথাও জানান মন্ত্রী। গতকাল বুধবার সচিবালয়ে মেডিকেল ভর্তি পরীক্ষা নিয়ে হেলথ রিপোর্টার্স ফোরামের সঙ্গে এক মতবিনিময় সভায় স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন।

ভর্তি পরীক্ষা শতভাগ স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন হবে– এমন আশাবাদ ব্যক্ত করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আমি সব সময় স্বচ্ছতা ও জবাবদিহিতায় বিশ্বাস করি। গত বছর প্রশ্নপত্র ফাঁসের যে গুজব উঠেছিল তা পরে ভিত্তিহীন বলে প্রমাণিত হয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ভাবমূর্তি নষ্ট করতে এবারও সে ধরনের ষড়যন্ত্র হতে পারে।

মোহাম্মদ নাসিম বলেন, কঠোর নিরাপত্তা ও স্বচ্ছতার সঙ্গে এ বছর মেডিকেল ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে এবার বাড়তি কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভর্তি পরীক্ষা তদারকি করতে বিভিন্ন পেশাজীবীদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। একই সঙ্গে পরীক্ষা পরিচালনা কমিটি ও মডারেটর রাখা হয়েছে। মেডিকেল কোচিং সেন্টারগুলো সাময়িকভাবে বন্ধ করা হয়েছে। পরে এসব কোচিং সেন্টার স্থায়ীভাবে বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

সভায় অন্যদের মধ্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য সচিব ■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## মেডিকেলের প্রশ্ন

[১৯ পৃষ্ঠার পর]

সৈয়দ মনজুরুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ ও পরিচালক (চিকিৎসা, শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. আবদুর রশিদ, হেলথ রিপোর্টার্স ফোরামের সভাপতি তৌফিক মারুফ প্রমুখ উপস্থিত ছিলেন।